

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৩০১

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯

২০ সেপ্টেম্বর ২০২২

বিষয়: প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা দায়েরকৃত আপীল নং- ২৬৭/২০২২ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব ড. মো. কামরুল আহসান (১২৬০৪), সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালা ৪(২)(১)(খ) অনুযায়ী ২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থায়ীভাবে স্থগিত (withholding of yearly increment for two years permanently) করার লঘুদণ্ড প্রদান করেন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(১)(খ) অনুযায়ী ২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থায়ীভাবে স্থগিত লঘু দণ্ডদেশ পুনর্বিবেচনার আবদনটি মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক না-মঞ্জুর করায় প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এ.টি নং-২৬৭/২০২২ মামলা দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৫ (পাঁচ) জন-কে বিবাদী করা হয়েছে। আগামী ২৯/৯/২০২২ ইং তারিখে মধ্যে বিবাদীগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাট সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২ (দুই) প্রস্ত প্রশাসনিক ট্রাইব্যুনালে সকাল ১০.০০ ঘটিকার মধ্যে দাখিল করার নির্দেশনা রয়েছে।

উপর্যুক্ত বর্ণনার আলোকে সচিব মহোদয়ের পক্ষ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকায় মামলার বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে মামলা নং-২৬৭/২০২২ এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগ পূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা /প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা এবং
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২০-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


ইমেইল: jalil20012@gmail.com

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৩০১/১(৫)

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২০-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব